

## শিক্ষা প্রতিমন্ত্রীর বিবৃতি বিশ্বব্যাংকের প্রতিনিধি শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ করেননি

সংসদ রিপোর্টার

বিশ্বব্যাংকের আবাসিক প্রতিনিধি ক্রিস্টিনা ওয়ালিক প্রাথমিক শিক্ষক নিয়োগে দুর্নীতি হচ্ছে মর্মে কোন মন্তব্য করেননি। পত্র-পত্রিকায় তাকে উদ্ধৃতি দিয়ে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা অসত্য। ক্রিস্টিনা ওয়ালিক প্রধানমন্ত্রীর কাছে শিখা এক চিঠিই বলেছেন। ১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন।

## শিক্ষা প্রতিমন্ত্রীর বিবৃতি

১২-এর পৃষ্ঠার পর

তিনি এধরনের কোনো মন্তব্য করেননি। এ জন্য তিনি প্রধানমন্ত্রীর কাছে ক্ষমা চেয়েছেন। প্রতিমন্ত্রী আনম এহসানুল হক মিলন গতকাল (রোববার) জাতীয় সংসদে ৩০০ বিধিতে দেয়া এক বিবৃতিতে একথা বলেন। গত ৭ জুন আওয়ামী লীগ দলীয় সদস্য রেজাউল করিম হীরা সংসদে এক সম্পূর্ণ প্রশ্নে প্রাথমিক শিক্ষক নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ করেন। জবাবে প্রতিমন্ত্রী সংসদে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে বলেছিলেন। প্রাথমিক শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ কেউ প্রমাণ করতে পারলে তিনি শুধু সংসদ সদস্য পদ থেকে নয় মন্ত্রীত্ব থেকেও পদত্যাগ করবেন। প্রতিমন্ত্রী তার বিবৃতিতে আরো বলেন, প্রাথমিক শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ ভিত্তিহীন ও অসত্য। চার দলীয় জোট সরকারকে হয় প্রতিপন্ন করার জন্যই এই অভিযোগ আনা হয়েছে। তিনি বলেন, প্রাথমিক শিক্ষক নিয়োগে কোন দুর্নীতি, স্বজনপ্রীতি ও দলীয়প্রীতির আঁচনা নেয়া হয়নি।